

রাজশাহী বিশ্ববিদ্যালয়
শিক্ষকদের কাছে
ফোন করে
আবারও চাঁদা দাবি

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী

রাজশাহীতে কথিত জনযুদ্ধ বা লাল বাহিনীর কমান্ডারের নামে চাঁদা দাবি অব্যাহত রয়েছে। এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক সফিকুল্লাহী সামাদীর কাছে চাঁদা চাওয়া হয়েছে। তিনি চাঁদা দিতে না চাওয়ায় তাঁর সভানের প্রশাসনের হুমকি দিয়েছে দুর্বৃত্তরা।

এ ঘটনায় ওই শিক্ষক গতকাল রোববার নগরের মতিহার থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন।

এর আগে শনিবার সন্ধ্যায় একই নম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের দুর্গ বিভাগের শিক্ষক এস এম আবু বকরকে কল করে একই পরিচয় দিয়ে চাঁদা চাওয়া হয়। এর কিছুক্ষণ পর ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক মলয় ভৌমিককে কল করে বিকাশ করে ৫০ হাজার টাকা পাঠাতে বলা হয়।